

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০১০

৬. কুরবানী অধ্যায় (کتاب الأضاحي) পরিচ্ছেদঃ ১২. কুপে পতিত পশু যবেহ করা সম্পর্কে

بَابِ فِي ذَبِيحَةِ الْمُتَرَدِّي فِي الْبِئْرِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ وَعُثْمَانُ بْنُ عُمَرَ وَعَفَّانُ عَنْ حَمَّادِ بْنِ سَلَمَةَ عَنْ أَبِيهِ الْعُشَرَاءِ عَنْ أَبِيهِ قَالَ الْوَالْمَةُ عَنْ أَبِيهِ قَالَ اللهِ أَمَا تَكُونُ الذَّكَاةُ إِلَّا فِي الْحَلْقِ وَاللَّبَّةِ فَقَالَ لَوْ طَعَنْتَ فِي فَخِذِهَا لَاَجْزَأَ عَنْكَ قَالَ كَوْ طَعَنْتَ فِي فَخِذِهَا لَأَجْزَأً عَنْكَ قَالَ حَمَّادٌ حَمَلْنَاهُ عَلَى الْمُتَرَدِي

বাংলা

২০১০. আবূল উশারা (রহঃ) তার পিতা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন, আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ, কণ্ঠনালী এবং বুকের উপরিভাগ (এ আঘাত করা) ছাড়া কি যবেহ হয় না? তিনি বললেন,তুমি যদি তার উরুতেও আঘাত করতে পার তবে তা-ও তোমার জন্য যথেষ্ট হবে।"[1] হাম্মাদ বলেন: আমরা এটিকে কুপে পতিত পশু যবেহ'র ব্যাপারে আরোপ করি।

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যয়ীফ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৫০৩ তে। ((আবূ দাউদ, আযাহী ২৮১৫; তিরমিযী, দিয়াত নং ১৪০৯; নাসাঈ, যাহাইয়া ৭/২২৭; ইবনু মাজাহ, যাবাইহ ৩১৭০-ফাওয়ায আহমেদের তাহকীক্বৃত দারেমী নং ১৯৭০ এর টীকা হতে। অনুবাদক))

এছাড়া, ইবনু আবী শাইবা ৫/৩৯৩-৩৯৪; বুখারী, কাবীর ২/২২; তাবারাণী, কাবীর ৭/১৬৭-১৬৮ নং ৬৭১৯, ৬৭২০, ৬৭২১; ইবনু আদী, আল কামিল ১/২০৯;

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবুল 'উশারা (রহঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=82293}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন